# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০৫

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩০. 'রিকায' (গুপ্ত ধন বা খনি) হতে প্রাপ্ত সম্পদে'র (যাকাত) সম্পর্কে

بَاب فِي الرِّكَازِ

## আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ جُرْحُ الْعَجْمَاءِ جُبَارٌ وَالْبِئْرُ جُبَارٌ وَالْمَعْدِنُ جُبَارٌ وَفِي الرِّكَازِ الْخُمُسُ

## বাংলা

১৭০৫. আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “পশুর আঘাতে কোনো ক্ষতিপূরণ নেই (বৃথা); আবার কূপে (পড়ে আহত/নিহত অবস্থার)ও কোনো ক্ষতিপূরণ নেই এবং খনিতে (প্রাপ্ত) সম্পদে যাকাত হলো এক পঞ্চমাংশ।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ শক্তিশালী। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: মালিক, যাকাত (৯); বুখারী, যাকাত ১৪৯৯; মুসলিম, হুদুদ ১৭১০; ((আবূ দাউদ, ইমারাহ ৩০৮৫; তিরমিযী, যাকাত ৬৪২; নাসাঈ, যাকাত ৫/৪৫; ইবনু মাজাহ, দিয়াত ২৬৭৩; আহমাদ ২/২২৮-২৩৯.... ফাওয়ায আহমেদের তাহক্বীক্বকৃত দারেমী নং ১৬৬৮ এর টীকা হতে।-অনুবাদক))

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬০৫০; সহীহ ইবনু হিব্বান নং ৬০০৫-৬০০৭; মুসনাদুল হুমাইদী নং ১১১০; আর এটি সামনে ২৪২২, ২৪২৩, ২৪২৫ নং এ আসছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81988

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন